

সংবাদ

www.sangbad.com.bd

দৈনিক সংবাদ, ২৬/০২/২০১৭, পৃ- ১৩



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লোক বক্তৃতা অনুষ্ঠিত

গতকাল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লোক বক্তৃতা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুপ্রিম কোর্টের বিচারপতি মো. আশরাফুল কামাল। আফতাব নগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহীদুল হাসানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ লোক বক্তৃতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দেশের খ্যাতনামা বিজ্ঞ বিচারপতি ও আইনজীবীগণ, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ট্রাস্টি বোর্ডের অন্যান্য সদস্যরা, বিভিন্ন বিভাগের শিক্ষক- কর্মকর্তাগণ এবং আইন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।